রাজস্বের প্রবৃদ্ধি
টেকসই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
[মূসক বাস্তবায়ন ও আইটি অনুবিভাগ, ঢাকা-১০০০]

মুজিব শতবর্ষ MUJIB 100

ইমেইল/জিইপি/বাহক মারফত

নথি নং-০৮.০১.০০০০.০৭৬.১৬.০০৬.২০২০/৩০৫ তারিখ: ০৪ অক্টোবর ২০২২

**বিষয়: ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ/২০২২ উদযাপন উপলক্ষে জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা ও এর অধীনস্থ দপ্তরসমূহে অনুষ্ঠান আয়োজন।**

জাতীয় রাজস্ব বোর্ড বিগত বছরগুলোর ন্যায় এবারও আগামী ১০ ডিসেম্বর ২০২২ ভ্যাট দিবস এবং ১০-১৫ ডিসেম্বর ২০২২ ভ্যাট সপ্তাহ পালনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ ২০২২ উদযাপন সংক্রান্ত সার্বিক কার্যক্রম তত্ত্বাবধানের জন্য নিম্নোক্ত কেন্দ্রিয় স্টিয়ারিং কমিটি গঠন করা হয়েছে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সভাপতি |
| ২. | সদস্য (গ্রেড-১) (কাস্টমস: নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য)/(কাস্টমস ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| ৩. | সদস্য (গ্রেড-১) (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| ৪. | সদস্য (মূসক নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| ৫. | সদস্য (কর নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| ৬. | সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| ৭. | সদস্য (মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| ৮. | সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| ৯. | সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |

০২। দিবসটি উদযাপন উপলক্ষে গঠিত কেন্দ্রিয় স্টিয়ারিং কমিটির সভাপতি ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব আবু হেনা মো: রহমাতুল মুনিম এর সভাপতিত্বে ১৮ সেপ্টেম্বর ২০২২ তারিখ সকাল ৮.৩০ ঘটিকায় একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ১০ ডিসেম্বর ২০২২ ভ্যাট দিবস এবং ১০-১৫ ডিসেম্বর ২০২২ ভ্যাট সপ্তাহ উদযাপন উপলক্ষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:

(১) ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২২ এর কেন্দ্রীয় মূল অনুষ্ঠান ও সেমিনারটি আনুমানিক ২৫০ জন অতিথি/কর্মকর্তার উপস্থিতিতে হোটেল প্যানপ্যাসিফিক সোনারগাঁও অথবা সমমানের কোন হোটেলের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

(২) মূল অনুষ্ঠানস্থলে জাতীয় পর্যায়ের ০৯ (নয়) জন সর্বোচ্চ ভ্যাট প্রদানকারী সম্মানিত করদাতাগণকে ক্রেস্ট ও সম্মাননা প্রদান করা হবে।

(৩) Keynote Paper কেন্দ্রিয়ভাবে প্রস্তুত করে সকল কমিশনারেটে প্রেরণ করা হবে। উক্ত Keynote Paper স্ব স্ব দপ্তরে অনুষ্ঠেয় সেমিনারে উপস্থাপন করতে হবে।

(৪) সরকারের আর্থিক ব্যয় কৃচ্ছতা নীতি বিবেচনায় এবারের অনুষ্ঠানে র‌্যালি, কুইজ, প্রশ্নোত্তর কিংবা রচনা প্রতিযোগিতার আয়োজন রাখা হবে না।

(৫) বিদ্যমান প্রজ্ঞাপন অনুযায়ী সর্বোচ্চ ভ্যাট প্রদানকারীগণকে সম্মাননা প্রদান করা হবে।

(৬) ১০ ডিসেম্বর ২০২২ তারিখে পূর্বের ধারাবাহিকতায় ০৬ (ছয়) টি বাংলা ও ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ করা হবে।

(৭) কমিশনারেট কর্তৃক বা স্থানীয়ভাবে পৃথক পৃথক স্মরণিকা প্রকাশ না করে কেন্দ্রিয়ভাবে একটি স্মরণিকা প্রকাশ করা হবে।

(৮) কেন্দ্রিয়ভাবে সংবাদ সম্মেলন করা হবে এবং প্রেস রিলিজ দেয়া হবে।

(৯) প্রত্যেক কমিশনার স্থানীয়ভাবে ভ্যাট বিষয়ক প্রচারের ব্যবস্থা করতে পারে।

(১০) প্রতিটি দপ্তর বিভিন্ন ধরনের ভ্যাট বিষয়ক ব্যানার ও ফেস্টুন দ্বারা সজ্জিত করা হবে।

(১১) প্রত্যেক কমিশনারেট ও বিভাগীয় দপ্তরে সেমিনার অনুষ্ঠিত হবে। উক্ত সেমিনারে জেলা পর্যায়ে সর্বোচ্চ ভ্যাট প্রদানকারীগণকে ক্রেস্ট ও সম্মাননা প্রদান করা হবে।

(১২) ভ্যাট ব্যবস্থা সম্পর্কে গণসচেতনতা বৃদ্ধির জন্য শহরের গুরুত্বপূর্ণ মোড়/স্থান-এ পোস্টার/স্টিকার লাগানো হবে এবং শহরের গুরুত্বপূর্ণ স্থানে ভ্যাট স্লোগান-সম্বলিত বিলবোর্ড স্থাপন করা হবে।

(১৩) গণসচেতনতা বৃদ্ধির জন্য মোবাইল অপারেটরদের মাধ্যমে ভ্যাট সংক্রান্ত প্রচারণামূলক এস এম এস পাঠানো হবে।

(১৪) ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহের তাৎপর্য তুলে ধরে বিভিন্ন টিভি চ্যানেলে টক-শো এর আয়োজন করা হবে।

(১৫) কমিশনারেট, বিভাগ ও সার্কেলসমূহে ভ্যাট সপ্তাহ পালনের মাধ্যমে করদাতাকে নিবন্ধন বা তালিকাভুক্তি গ্রহণ, হিসাবপত্র

সংরক্ষণ, দাখিলপত্র প্রদান ইত্যাদি বিভিন্ন সেবা প্রদান করা হবে।

(১৬) ঢাকাস্থ এবং ঢাকার বাহিরের কমিশনারেটসমূহে আঞ্চলিক/উপ-কমিটি গঠনপূর্বক স্ব-স্ব ব্যবস্থাপনায় বর্তমান আর্থিক ব্যয় সংকোচন নীতি বিবেচনায় রেখে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২২ উদযাপন করতে হবে।

০৩। কেন্দ্রিয় স্টিয়ারিং কমিটির সার্বিক নির্দেশনায় ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ উদযাপনের নিমিত্ত বিভিন্ন অনুষ্ঠানসমূহ আয়োজনের লক্ষ্যে নিম্নরূপভাবে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ ২০২২ উদযাপন কমিটি গঠন ও কমিটির কার্যপরিধি নির্ধারণ করা হলো:

**(১) ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২২ উদযাপন কমিটি:**

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | ড. মোঃ সহিদুল ইসলাম, সদস্য (মূসক নিরীক্ষা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | আহবায়ক |
| ০২ | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা | সদস্য সচিব |
| ০৩ | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা | সদস্য |
| ০৪ | কমিশনার,কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা | সদস্য |
| ০৫ | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা | সদস্য |
| ০৬ | কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা | সদস্য |
| ০৭ | মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ০৮ | কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা | সদস্য |
| ০৯ | মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা | সদস্য |
| ১০ | কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা | সদস্য |
| ১১ | কমিশনার, কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা | সদস্য |
| ১২ | কমিশনার, কাস্টম হাউস (আইসিডি) কমলাপুর, ঢাকা | সদস্য |
| ১৩ | কমিশনার, কাস্টম হাউস, ঢাকা | সদস্য |
| ১৪ | মহাপরিচালক, নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর (মূসক), ঢাকা | সদস্য |
| ১৫ | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১, ঢাকা | সদস্য |
| ১৬ | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-২, ঢাকা | সদস্য |

**(২) উদযাপন কমিটির কার্যপরিধি :**

(ক) ১০ ডিসেম্বর ২০২২ তারিখে ০৬ (ছয়) টি বাংলা ও ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ করা হবে। জাতীয় রাজস্ব বোর্ডের সাথে আলোচনাক্রমে দৈনিক পত্রিকার নাম চূড়ান্ত করতে হবে। ক্রোড়পত্রে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় অর্থমন্ত্রী, জাতীয় রাজস্ব বোর্ড এর চেয়ারম্যান এবং আহবায়ক (ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ উদযাপন কমিটি) হিসেবে সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি) এর বাণী ও ছবি ব্যবহার করা হবে;

(খ) ১০ ডিসেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠেয় মূল অনুষ্ঠান ও সেমিনারের জন্য করণীয়:

i. অনুষ্ঠানের সময়সূচী নির্ধারণপূর্বক আয়োজন করা;

ii. অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিদের তালিকা প্রণয়ন;

iii. আমন্ত্রণপত্র তৈরি, অনুমোদন গ্রহণ, ছাপানো ও বিতরণ করতে হবে। আমন্ত্রণপত্র ছাপানোর কাজ পর্যাপ্ত সময় হাতে রেখে শুরু করতে হবে। ঢাকার বাহিরের কমিশনারেটগুলো কেন্দ্রিয়ভাবে অনুমোদিত আমন্ত্রণপত্রের সাথে সামঞ্জস্য রেখে তাদের কার্ডের ডিজাইন নির্ধারণ করবে;

iv. জাতীয় ও জেলা পর্যায়ে সর্বোচ্চ ভ্যাট প্রদানকারীগণকে ক্রেস্ট ও সম্মাননা প্রদান করা হবে। সম্মাননা সংক্রান্ত ক্রেস্টে ১ম, ২য় ও ৩য় লেখা থাকবে। কমিশনারেটসমূহ তাদের অধিক্ষেত্রাধীন সংশ্লিষ্ট জেলা পর্যায়ে সর্বোচ্চ ভ্যাট প্রদানকারীগণকে ক্রেস্ট ও সম্মাননা প্রদান করবে। কেন্দ্রিয়ভাবে প্রস্তুতকৃত ক্রেস্ট ও সম্মাননা সংশ্লিষ্ট কমিশনারেটসমূহে পাঠানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(গ) জাতীয় রাজস্ব বোর্ডসহ ঢাকাস্থ সকল ভ্যাট ও শুল্ক দপ্তর নির্ধারিত স্লোগান-সম্বলিত ব্যানার ও ফেস্টুন দ্বারা সজ্জিত করা হবে;

(ঘ) ভ্যাট বিষয়ে গণসচেতনতা বৃদ্ধির জন্য সীমিত পরিসরে ঢাকা শহরের গুরুত্বপূর্ণ মোড়/স্থানে পোস্টার/স্টিকার লাগানো হবে এবং শহরের গুরুত্বপূর্ণ স্থানে নির্ধারিত স্লোগান-সম্বলিত বিলবোর্ড স্থাপন করা হবে;

(ঙ) গণসচেতনতা বৃদ্ধির জন্য মোবাইল অপারেটরদের মাধ্যমে ভ্যাট বিষয়ক প্রচারণামূলক এস এম এস পাঠানোর ব্যবস্থা করতে হবে;

(চ) ভ্যাট প্রদানে উৎসাহব্যঞ্জক স্লোগান-সম্বলিত স্টিকার ও পোস্টার প্রস্তুত করে তা সকল দপ্তরে বিতরণ করতে হবে;

(ছ) প্রতিপাদ্য মূল স্লোগানসহ ভ্যাট বিষয়ক অন্যান্য স্লোগান তৈরি করতে হবে। এক্ষেত্রে নতুন ভ্যাট আইনের সুবিধা, অনলাইন পদ্ধতি এবং EFDMS সংক্রান্ত স্লোগানকে অগ্রাধিকার দিতে হবে;

(জ) কি-নোট পেপার তৈরি করার পর সংশ্লিষ্ট উপ-কমিটি, সদস্য (মূসক নীতি) ও সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি)-কে দেখিয়ে জাতীয় রাজস্ব বোর্ড এর চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন গ্রহণ করবে এবং বিতরণ করবে;

(ঝ) উপহারসামগ্রী এবং সম্মাননা ক্রেস্ট ক্রয় ও বিতরণ করতে হবে;

(ঞ) আমন্ত্রণপত্র, উপহার সামগ্রীসহ যে সব ক্ষেত্রে লোগো ব্যবহার করা হবে সেখানে শুধু Bangladesh Customs ব্যবহার না করে Bangladesh Customs & VAT ব্যবহার করতে হবে;

(ট) প্রেস রিলিজ প্রস্তুতের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড এর জনসংযোগ কর্মকর্তা টক-শো উপ-কমিটির আহ্বায়কের সহায়তা নিয়ে সদস্য হিসেবে একটি খসড়া প্রেস রিলিজ প্রস্তুত করবেন এবং সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি) এর মাধ্যমে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন নিবেন।

(ঠ) জাতীয় রাজস্ব বোর্ড ও স্থানীয় পর্যায়ে বিভিন্ন ভ্যাট ও শুল্ক দপ্তরের সাথে সমন্বয়ের মাধ্যমে কেন্দ্রিয় ও স্থানীয়ভাবে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২২ পালনের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(ড) জাতীয় দৈনিকে ক্রোড়পত্র প্রচার, স্মরণিকা প্রকাশ, স্থানীয়ভাবে রেডিও-টিভিতে বিজ্ঞাপন প্রচারসহ যে কোন ধরনের প্রচারণামূলক কার্যক্রম সরকারি নীতিমালা অনুযায়ী গ্রহণ করতে হবে;

(ঢ) জাতীয় রাজস্ব বোর্ড-এর সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি) এ সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও তদারকির দায়িত্ব পালন করবেন।

(ণ) স্টিয়ারিং কমিটির পরবর্তী সভা অক্টোবর, ২০২২ মাসের শেষ সপ্তাহে অনুষ্ঠিত হবে।

০৪। দিবসটি সুষ্ঠুভাবে উদযাপন উপলক্ষে নিম্নোক্তভাবে ১৪ টি উপ-কমিটি ও ৭ টি আঞ্চলিক উপ-কমিটি গঠন করা হলো। উল্লেখ্য, উপ-কমিটিসমূহের আহবায়কগণ কমিটিতে নির্ধারিত সদস্যদের অতিরিক্ত প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করতে পারবেন।

**(১) আমন্ত্রণপত্র তৈরি ও বিতরণ উপ-কমিটি :**

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | **আহ্বায়ক** |
| ০২. | অতিরিক্ত মহাপরিচালক (সকল), কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ০৩. | যুগ্ম পরিচালক (সকল), কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ০৪. | উপ-পরিচালক/সহকারী পরিচালক (সকল), কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ০৫. | উপ-পরিচালক-১, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | **সদস্য সচিব** |

**কার্যপরিধি :**

(ক) উপ-কমিটির আহ্বায়ক প্রয়োজনীয় সংখ্যক অতিরিক্ত সদস্য কো-অপ্ট করে আদেশ জারি করবেন এবং কমিটির কার্যাবলী সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সভা আহ্বানপূর্বক গৃহীত কার্যক্রম বিষয়ে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২২ উদযাপন কমিটির আহ্বায়ক এবং সদস্য-সচিবকে অবহিত রাখবেন।

(৩) ভেন্যু/মঞ্চ সজ্জা উপ-কমিটিঃ

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা | আহ্বায়ক |
| ০২. | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা | সদস্য |
| ০৩. | যুগ্ম কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা | সদস্য |
| ০৪. | উপ-কমিশনার/সহকারী কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা | সদস্য |
| ০৫. | উপ-কমিশনার-১, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা | সদস্য সচিব |

**কার্যপরিধি :**

(ক) উপ-কমিটির আহ্বায়ক প্রয়োজনীয় সংখ্যক অতিরিক্ত সদস্য কো-অপ্ট করে আদেশ জারি করবেন এবং কমিটির কার্যাবলী সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সভা আহ্বানপূর্বক গৃহীত কার্যক্রম বিষয়ে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২২ উদযাপন কমিটির আহ্বায়ক এবং সদস্য-সচিবকে অবহিত রাখবেন।

(খ) মূল অনুষ্ঠান ও সেমিনারটি হোটেল প্যানপ্যাসিফিক সোনারগাঁও বা ইন্টার কন্টিনেন্টাল এর GRAND BALLROOM বা সমমানের স্থানে আয়োজন করা হবে। উক্ত উপ-কমিটি নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করবেনঃ

i) সম্মেলন কক্ষের ভিতরে ও বাইরে প্রয়োজনীয় সজ্জার কাজ করবেন।

ii) মঞ্চের টেবিল, মঞ্চের পিছনের ব্যানার তৈরি, ব্যানারের বক্তব্য লিখন ও প্রদর্শন;

(গ) বিবিধ।

(৪) কী-নোট পেপার প্রস্তুতকরণ উপ-কমিটিঃ

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১ | আহ্বায়ক |
| ০২. | কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম | সদস্য |
| ০৩. | মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ০৪ | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-২ | সদস্য |
| ০৫. | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১,২ | সদস্য |
| ০৬. | যুগ্ম কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১,২ | সদস্য |
| ০৭. | সহকারী/ উপ- কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১ | সদস্য সচিব |

**কার্যপরিধি :**

(ক) উপ-কমিটি প্রয়োজনীয় সংখ্যক অতিরিক্ত সদস্য কো-অপ্ট করে আদেশ জারি করবেন এবং ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২২ উদযাপন কমিটির আহ্বায়ক এবং সদস্য-সচিবকে অবহিত রাখবেন।

(খ) উপ-কমিটি কি-নোট পেপার প্রস্তুত করে তা স্টিয়ারিং কমিটি'র অনুমোদন গ্রহণ করবেন। এরপর বই আকারে ছাপিয়ে তা ফোল্ডারে প্রদানের লক্ষ্যে সেমিনার আয়োজন ও পরিচালনা উপ-কমিটির নিকট অনুমোদিত কি-নোট পেপার হস্তান্তর করবেন।

(গ) বিবিধ।

(খ) উক্ত উপ-কমিটি নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করবেন :

i) সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি) ও চেয়ারম্যান মহোদয়ের সাথে আলোচনাক্রমে

আমন্ত্রণপত্র ও আমন্ত্রিত অতিথিবর্গের তালিকা প্রণয়ন ;

ii) আমন্ত্রণপত্র পৌছানো নিশ্চিতকরণ;

iii) অনুষ্ঠানের প্রধান অতিথি, বিশেষ অতিথি ও অন্যান্য ভিআইপি অতিথিদের সাথে নিবিড় যোগাযোগপূর্বক

তাঁদের উপস্থিতির বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

iv) জাতীয় পর্যায়ে সর্বোচ্চ মূসক পরিশোধকারী প্রতিষ্ঠানসমূহের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালকদের সম্মাননা প্রদানের লক্ষ্যে পুরস্কারপ্রাপ্ত প্রথম ০৯ জনকে সেমিনার অনুষ্ঠানে উপস্থিতি নিশ্চিতকরণ এবং তাদের অবর্তমানে প্রতিষ্ঠানের কোন পর্যায়ের কর্মকর্তা অংশগ্রহণ করবেন, তা লিখিতভাবে "সর্বোচ্চ ভ্যাটদাতাগণকে সম্মাননা প্রদান প্রস্তুতি" উপ-কমিটির আহ্বায়ককে জানানো (বাকী করদাতাগণকে স্ব স্ব কমিশনারেটের মাধ্যমে পুরস্কার প্রদান করা হবে)।

v) এ সংক্রান্ত অন্যান্য কার্যক্রম।

(গ) বিবিধ।

## (২) সেমিনার আয়োজন ও পরিচালনা উপ-কমিটি:

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | কমিশনার, কাস্টম হাউজ (আইসিডি), কমলাপুর, ঢাকা | **আহ্বায়ক** |
| ০২. | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টম হাউজ (আইসিডি), কমলাপুর, ঢাকা | সদস্য |
| ০৩. | যুগ্ম কমিশনার (সকল), কাস্টম হাউজ (আইসিডি), কমলাপুর, ঢাকা | সদস্য |
| ০৪. | উপ-কমিশনার /সহকারী কমিশনার (সকল), কাস্টম হাউজ (আইসিডি), কমলাপুর, ঢাকা | সদস্য |
| ০৫. | উপ-কমিশনার-১, কাস্টম হাউজ (আইসিডি), কমলাপুর, ঢাকা | **সদস্য সচিব** |

**কার্যপরিধি :**

(ক) উপ-কমিটির আহ্বায়ক প্রয়োজনীয় সংখ্যক অতিরিক্ত সদস্য কো-অপ্ট করে আদেশ জারি করবেন এবং কমিটির কার্যাবলী সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সভা আহ্বানপূর্বক গৃহীত কার্যক্রম বিষয়ে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২২ উদযাপন কমিটির আহ্বায়ক এবং সদস্য-সচিবকে অবহিত রাখবেন।

(খ) অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত উপ-কমিটি নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করবেন:

i) সেমিনারের জন্য ফোল্ডার তৈরি করা;

ii) ফোল্ডারে সরবরাহের জন্য ভ্যাট দিবসের মূল শ্লোগানসহ প্যাড, কলম ও স্টিকার ইত্যাদি তৈরি করা;

iii) কি-নোট পেপার প্রস্তুতকরণ উপ-কমিটির নিকট হতে অনুমোদিত Keynote সংগ্রহ করে বই আকারে ছাপানো এবং ফোল্ডারে প্রদান;

iv) ফোল্ডারে কি-নোট, প্যাড, কলম ও স্টিকার দেয়াসহ সভা শুরুর প্রারম্ভে আমন্ত্রিত অতিথিদের নির্ধারিত আসনে তা বিতরণ;

v) সম্মেলন কক্ষের অতিথি ও সকলের আসন বিন্যাস ও অনুষ্ঠান পরিচালনার সার্বিক ব্যবস্থাপনা ও শৃঙ্খলা বিধান নিশ্চিত করা;

vi) অনুষ্ঠানের জন্য একাধিক সঞ্চালক নির্বাচন করে অনুষ্ঠান সঞ্চালনের ব্যবস্থা নেয়া;

vii) কোরআন তেলাওয়াতের ব্যবস্থা করা;

viii) মঞ্চের অতিথিদের পুষ্পস্তবক প্রদানের ব্যবস্থা করা এবং তা প্রদান;

ix) সেমিনার সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে নিরাপত্তা নিশ্চিত করা।

গ) বিবিধ।

(৩) ভেন্যু/মঞ্চ সজ্জা উপ-কমিটি:

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা | **আহ্বায়ক** |
| ০২. | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা | সদস্য |
| ০৩. | যুগ্ম কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা | সদস্য |
| ০৪. | উপ-কমিশনার/সহকারী কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা | সদস্য |
| ০৫. | উপ-কমিশনার-১, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা | **সদস্য সচিব** |

**কার্যপরিধি :**

(ক) উপ-কমিটির আহ্বায়ক প্রয়োজনীয় সংখ্যক অতিরিক্ত সদস্য কো-অপ্ট করে আদেশ জারি করবেন এবং কমিটির কার্যাবলী সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সভা আহ্বানপূর্বক গৃহীত কার্যক্রম বিষয়ে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২২ উদযাপন কমিটির আহ্বায়ক এবং সদস্য-সচিবকে অবহিত রাখবেন।

(খ) মূল অনুষ্ঠান ও সেমিনারটি হোটেল প্যানপ্যাসিফিক সোনারগাঁও বা ইন্টার কন্টিনেন্টাল এর GRAND BALLROOM বা সমমানের স্থানে আয়োজন করা হবে। উক্ত উপ-কমিটি নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করবেন:

i) সম্মেলন কক্ষের ভিতরে ও বাইরে প্রয়োজনীয় সজ্জার কাজ করবেন।

ii) মঞ্চের টেবিল, মঞ্চের পিছনের ব্যানার তৈরি, ব্যানারের বক্তব্য লিখন ও প্রদর্শন;

(গ) বিবিধ।

(৪) কী-নোট পেপার প্রস্তুতকরণ উপ-কমিটি:

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১ | **আহ্বায়ক** |
| ০২. | কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম | সদস্য |
| ০৩. | মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ০৪ | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-২ | সদস্য |
| ০৫. | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১,২ | সদস্য |
| ০৬. | যুগ্ম কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১,২ | সদস্য |
| ০৭. | সহকারী/ উপ- কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১ | **সদস্য সচিব** |

**কার্যপরিধি :**

(ক) উপ-কমিটি প্রয়োজনীয় সংখ্যক অতিরিক্ত সদস্য কো-অপ্ট করে আদেশ জারি করবেন এবং ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২২ উদযাপন কমিটির আহ্বায়ক এবং সদস্য-সচিবকে অবহিত রাখবেন।

(খ) উপ-কমিটি কি-নোট পেপার প্রস্তুত করে তা স্টিয়ারিং কমিটি'র অনুমোদন গ্রহণ করবেন। এরপর বই আকারে ছাপিয়ে তা ফোল্ডারে প্রদানের লক্ষ্যে সেমিনার আয়োজন ও পরিচালনা উপ-কমিটির নিকট অনুমোদিত কি-নোট পেপার হস্তান্তর করবেন।

(গ) বিবিধ।

(৫) অভ্যর্থনা উপ-কমিটি:

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | কমিশনার, কাস্টম হাউস, পানগাঁও | **আহ্বায়ক** |
| ০২. | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টম হাউস, পানগাঁও | সদস্য |
| ০৩. | যুগ্ম কমিশনার (সকল), কাস্টম হাউস, পানগাঁও | সদস্য |
| ০৪. | উপ-কমিশনার /সহকারী কমিশনার (সকল), কাস্টম হাউস, পানগাঁও | সদস্য |
| ০৫. | উপ-কমিশনার-১, কাস্টম হাউস, পানগাঁও | **সদস্য সচিব** |

**কার্যপরিধি :**

(ক) উপ-কমিটির আহ্বায়ক প্রয়োজনীয় সংখ্যক অতিরিক্ত সদস্য কো-অপ্ট করে আদেশ জারি করবেন এবং কমিটির কার্যাবলী সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সভা আহ্বানপূর্বক গৃহীত কার্যক্রম বিষয়ে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২২ উদযাপন কমিটির আহ্বায়ক এবং সদস্য-সচিবকে অবহিত রাখবেন।

(খ) উপ-কমিটি সেমিনারে আগত অতিথিদের গ্রহণ, যথাযথ আসনে উপবেশনের ব্যবস্থাকরণ ও প্রয়োজনীয় সকল কাজ সম্পাদনের কার্যক্রম গ্রহণ করবেন:

(গ) মত বিনিময় সভায় অংশগ্রহণকারী মন্ত্রী মহোদয়, উপদেষ্টা মহোদয় ও বিশিষ্ট অতিথিবৃন্দ এর মধ্যে যারা উপস্থিত থাকবেন তাদেরকে অনুষ্ঠানস্থলে প্রযোজ্য ক্ষেত্রে প্রটোকল সহকারে নিয়ে আসা ও যথাযথ সম্মানের সাথে বিদায় জানানো;

(ঘ) বিবিধ।

(৬) **সর্বোচ্চ মূসক প্রদানকারী করদাতাগণকে সম্মাননা প্রদান প্রস্তুতি উপ-কমিটি:**

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | মহাপরিচালক, নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযাজন কর, ঢাকা | **আহ্বায়ক** |
| ০২. | অতিরিক্ত মহাপরিচালক (সকল), নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযাজন কর, ঢাকা | সদস্য |
| ০৩. | যুগ্ম পরিচালক (সকল), নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযাজন কর, ঢাকা | সদস্য |
| ০৪. | উপ-পরিচালক/সহকারী পরিচালক (সকল), নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযাজন কর, ঢাকা | সদস্য |
| ০৫. | উপ-পরিচালক-১, নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযাজন কর, ঢাকা | **সদস্য সচিব** |

**কার্যপরিধি :**

(ক) উপ-কমিটির আহ্বায়ক প্রয়োজনীয় সংখ্যক অতিরিক্ত সদস্য কো-অপ্ট করে আদেশ জারি করবেন এবং কমিটির কার্যাবলী সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সভা আহ্বানপূর্বক গৃহীত কার্যক্রম বিষয়ে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২২ উদযাপন কমিটির আহ্বায়ক এবং সদস্য-সচিবকে অবহিত রাখবেন।

(খ) উক্ত উপ-কমিটি নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করবেন:

i) পুরস্কারের ক্রেস্ট ও নকশা প্রণয়ন এবং স্টিয়ারিং কমিটির অনুমোদন গ্রহণপূর্বক ক্রেস্ট ও সম্মাননাপত্র প্রস্তুতকরণ;

ii) দেশব্যাপী জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত সর্বোচ্চ করদাতাগণের তালিকা জাতীয় রাজস্ব বোর্ড হতে সংগ্রহকরণ এবং প্রথম ০৯ জনের সভাস্থলে উপস্থিতির বিষয়ে সার্বিক মনিটরিং;

iii) উক্ত প্রথম ০৯ জন ব্যতিরেকে অন্যান্যদের পুরস্কার/ক্রেস্ট/সম্মাননা প্রদানের লক্ষ্যে তাদের নামের তালিকাসহ যথাসময়ে সংশ্লিষ্ট কমিশনারেটে প্রেরণ এবং

iv) মূসক দিবসের সেমিনার অনুষ্ঠানে মাননীয় প্রধান অতিথি কর্তৃক সুশৃঙ্খলভাবে ক্রেস্ট ও সম্মাননাপত্র বিতরণের ক্ষেত্রে পূর্ব প্রস্তুতি ও যাবতীয় ব্যবস্থা গ্রহণ।

(গ) বিবিধ।

(৭) **উপহার সামগ্রী প্রস্তুত ও বিতরণ উপ-কমিটি:**

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | কমিশনার, কাস্টম হাউস, ঢাকা | **আহ্বায়ক** |
| ০২. | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টম হাউস, ঢাকা | সদস্য |
| ০৩. | যুগ্ম কমিশনার (সকল), কাস্টম হাউস, ঢাকা | সদস্য |
| ০৪. | উপ-কমিশনার /সহকারী কমিশনার (সকল), কাস্টম হাউস, ঢাকা | সদস্য |
| ০৫. | উপ-কমিশনার-১, কাস্টম হাউস, ঢাকা | **সদস্য সচিব** |

**কার্যপরিধি :**

(ক) উপ-কমিটির আহ্বায়ক প্রয়োজনীয় সংখ্যক অতিরিক্ত সদস্য কো-অপ্ট করে আদেশ জারি করবেন এবং কমিটির কার্যাবলী সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সভা আহ্বানপূর্বক গৃহীত কার্যক্রম বিষয়ে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২২ উদযাপন কমিটির আহ্বায়ক এবং সদস্য-সচিবকে অবহিত রাখবেন।

(খ) অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত উপ-কমিটি নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করবেন:

i) ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহের মূল স্লোগান-সম্বলিত ব্যবহার উপযোগী উপহার যেমন-ব্যাগ/মগ/ নোটবুক/পাওয়ার ব্যাংক/মোবাইল স্ট্যান্ড এর নমুনা ইত্যাদি স্টিয়ারিং কমিটির অনুমোদন সাপেক্ষে প্রস্তুতকরণ এবং

ii) উপহার সামগ্রী জাতীয় রাজস্ব বোর্ডসহ বিভিন্ন দপ্তরে বিতরণ।

(গ) বিবিধ।

(৮) আপ্যায়ন উপ-কমিটি:

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা | **আহ্বায়ক** |
| ০২. | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা | সদস্য |
| ০৩. | যুগ্ম কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা | সদস্য |
| ০৪. | উপ-কমিশনার/সহকারী কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা | সদস্য |
| ০৫. | উপ-কমিশনার-১, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা | **সদস্য সচিব** |

**কার্যপরিধি :**

(ক) উপ-কমিটির আহ্বায়ক প্রয়োজনীয় সংখ্যক অতিরিক্ত সদস্য কো-অপ্ট করে আদেশ জারি করবেন এবং কমিটির কার্যাবলী সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সভা আহ্বানপূর্বক গৃহীত কার্যক্রম বিষয়ে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২২ উদযাপন কমিটির আহ্বায়ক এবং সদস্য-সচিবকে অবহিত রাখবেন।

(খ) অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত উপ-কমিটি নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করবেন:

i) সার্বিক পরিস্থিতি বিবেচনায় রেখে সেমিনারে খাবার পরিবেশনের মেন্যু নির্ধারণ করতে হবে এবং উদযাপন কমিটির আহবায়কের সাথে আলোচনা করে খাবার মেন্যু চূড়ান্ত করতে হবে।

ii) যে অংশে খাবার পরিবেশন করা হবে সেই অংশের আসন বিন্যাস, সজ্জিতকরণ;

iii) সেমিনারে উপস্থিত অতিথি সংখ্যা অনুযায়ী খাবারের পরিমাণ নির্ধারণ করা হবে। অতিথি এবং গাড়িচালকদের জন্য পৃথকভাবে খাবার সরবরাহ করা হবে।

iv) উপর্যুক্ত ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড ও স্টিয়ারিং কমিটির নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

(গ) বিবিধ।

**(৯) টক-শো আয়োজন উপ-কমিটি:**

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা | **আহ্বায়ক** |
| ০২. | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা | সদস্য |
| ০৩. | যুগ্ম কমিশনার (সকল), কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা | সদস্য |
| ০৪. | উপ-কমিশনার/সহকারী কমিশনার (সকল), কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা | সদস্য |
| ০৫. | উপ-কমিশনার-১, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা | **সদস্য সচিব** |

**কার্যপরিধি :**

(ক) উপ-কমিটির আহ্বায়ক প্রয়োজনীয় সংখ্যক অতিরিক্ত সদস্য কো-অপ্ট করে আদেশ জারি করবেন এবং কমিটির কার্যাবলী সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সভা আহ্বানপূর্বক গৃহীত কার্যক্রম বিষয়ে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২২ উদযাপন কমিটির আহ্বায়ক এবং সদস্য-সচিবকে অবহিত রাখবেন।

(খ) উপ-কমিটি নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করবেন:

i) ভ্যাট বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাগণের অংশগ্রহণে বিভিন্ন টেলিভিশন চ্যানেলে টক-শো/মত বিনিময় অনুষ্ঠানের আয়োজন;

ii) এছাড়া নিম্নে উল্লেখিত বিশিষ্টজনদের নিয়ে টেলিভিশনে অনুষ্ঠান আয়োজন:

(১) মাননীয় অর্থমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ;

(২) মাননীয় অর্থ উপদেষ্টা ;

(৩) সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা;

(৪) কাস্টমস ও ভ্যাট অনুবিভাগের সকল সদস্য ;

(৫) এফবিসিসিআই এর প্রেসিডেন্টসহ বিভিন্ন চেম্বারের নেতৃবৃন্দ ;

- এ লক্ষ্যে বিভিন্ন টিভি, বাংলাদেশ বেতার ও এফ.এম রেডিও চ্যানেল এর সাথে যোগাযোগ করে অনুষ্ঠানের সময় নির্ধারণ, সমন্বয়করণ এবং ব্যবস্থা গ্রহণ;

iii) সেমিনার অনুষ্ঠান/টক শো-তে অংশগ্রহণের জন্য ভ্যাট বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাদের সমন্বয়ে বিভিন্ন প্যানেল গঠন ও তাদের অংশগ্রহণ নিশ্চিতকরণ এবং

iv) ১০ ডিসেম্বর ২০২২ তারিখে সেমিনার অনুষ্ঠানের আগের দিন (অর্থাৎ ০৯ ডিসেম্বর ২০২২ তারিখ) জাতীয় রাজস্ব বোর্ডে প্রেস ব্রিফিংয়ের আয়োজন করা এবং এ লক্ষ্যে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাথে সকল ধরনের যোগাযোগ।

v) ব্রিফিং শেষে মিডিয়া কর্মীদের মাঝে প্রেস রিলিজ বিতরণ করা।

vi) টক শো উপ-কমিটিতে PRO, NBR কে Co-opt করা হবে। এক্ষেত্রে প্রেস রিলিজ প্রস্তুতের ক্ষেত্রে টক-শো উপ-কমিটির সদস্য হিসেবে PRO, NBR একটি খসড়া প্রেস রিলিজ প্রস্তুত করবেন এবং সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি) মহোদয়ের মাধ্যমে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন নিবেন। ভ্যাট দিবসের ন্যূনতম ০২ (দুই) সপ্তাহ পূর্বে তা প্রস্তুত করতে হবে।

০৩) বিবিধ।

**(১০) পোস্টার ও স্টিকার তৈরি ও বিতরণ এবং প্রচার ও সাংস্কৃতিক উপ-কমিটি:**

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা | **আহ্বায়ক** |
| ০২. | অতিরিক্ত কমিশনার (সকল), বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা | সদস্য |
| ০৩. | যুগ্ম কমিশনার (সকল), বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা | সদস্য |
| ০৪. | উপ-কমিশনার/সহকারী কমিশনার (সকল), বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা | সদস্য |
| ০৫. | উপ-কমিশনার-১, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা | **সদস্য সচিব** |

**কার্যপরিধি :**

(ক) উপ-কমিটির আহ্বায়ক প্রয়োজনীয় সংখ্যক অতিরিক্ত সদস্য কো-অপ্ট করে আদেশ জারি করবেন এবং কমিটির কার্যাবলী সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সভা আহ্বানপূর্বক গৃহীত কার্যক্রম বিষয়ে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২২ উদযাপন কমিটির আহ্বায়ক এবং সদস্য-সচিবকে অবহিত রাখবেন।

(খ) উক্ত উপ-কমিটি নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করবেন:

i) ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ উদযাপন উপলক্ষে বিশেষ পোস্টার স্টিয়ারিং কমিটির মাধ্যমে অনুমোদনপূর্বক সরকারি মুদ্রণালয়ের মাধ্যমে ছাপানোর ব্যবস্থা করা এবং তা বিভিন্ন দপ্তরে বিতরণ করা ;

ii) ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ উদযাপন উপলক্ষে মূসক প্রদানে উৎসাহব্যঞ্জক শ্লোগান-সম্বলিত স্টিকার উক্তরূপভাবে অনুমোদন গ্রহণপূর্বক প্রস্তুতকরণ ও তা বিভিন্ন দপ্তরে বিতরণ; এবং

iii) প্রচার কমিটির সাথে যোগাযোগ রক্ষা করে কার্যক্রম সমন্বয় সাধন।

(গ) এছাড়া জাতীয় রাজস্ব বোর্ডে ১৮/০৯/২০২২ তারিখে এ বিষয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত ও কার্যপরিধির আলোকে নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করবেন :

i) ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ/২০২২ উদযাপন বিষয়ে প্রস্তুতকৃত TVC (যদি থাকে) রেডিও/টিভি/ইলেকট্রনিক মিডিয়া-তে প্রচার;

ii) ভ্যাট বিষয়ে বিভিন্ন স্লোগানসহ (২০২২-২০২৩ অর্থবছরে স্থাপিত EFD/SDC সংশ্লিষ্ট বিষয় প্রাধান্য পাবে) মূল প্রতিপাদ্য বিষয়ের স্লোগান তৈরি ও স্টিয়ারিং কমিটির অনুমোদন গ্রহণ;

iii) ঐ সকল স্লোগান ক্যাবল অপারেটরের মাধ্যমে প্রচার, রেডিও, টিভি ও সিনেমা হলে প্রচার ও অন্যান্য মাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

iv) কেন্দ্রিয়ভাবে অনুষ্ঠেয় প্রোগ্রাম বিভিন্ন টিভি চ্যানেলে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ;

v) ভ্যাট বিষয়ে গণসচেতনতা বৃদ্ধির জন্য মোবাইল অপারেটরদের মাধ্যমে ভ্যাট বিষয়ক এস এম এস (SMS) প্রেরণ; এবং

vi) প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাথে সকল ধরনের যোগাযোগ।

(ঘ) বিবিধ।

**(১১) ক্রোড়পত্র উপ-কমিটি:**

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা | **আহ্বায়ক** |
| ০২. | অতিরিক্ত মহাপরিচালক (সকল), শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা | সদস্য |
| ০৩. | যুগ্ম পরিচালক (সকল), শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা | সদস্য |
| ০৪. | উপ-পরিচালক /সহকারী পরিচালক (সকল), শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা | সদস্য |
| ০৫. | উপ-পরিচালক-১, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা | **সদস্য সচিব** |

**কার্যপরিধি :**

(ক) উপ-কমিটির আহ্বায়ক প্রয়োজনীয় সংখ্যক অতিরিক্ত সদস্য কো-অপ্ট করে আদেশ জারি করবেন এবং কমিটির কার্যাবলী সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সভা আহ্বানপূর্বক গৃহীত কার্যক্রম বিষয়ে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২২ উদযাপন কমিটির আহ্বায়ক এবং সদস্য-সচিবকে অবহিত রাখবেন।

(খ) উক্ত উপ-কমিটি নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করবে :

i) ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২২ উদযাপন উপলক্ষে ১০ ডিসেম্বর ২০২২ তারিখে নির্ধারিত ০৬ টি বাংলা ও ইংরেজী জাতীয় দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবেন। এটি ০১ (এক) পৃষ্ঠায় ০৪ রং এ হবে। জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা অনুযায়ী বিষয়টি চূড়ান্ত করবে এবং

ii) ক্রোড়পত্রে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় অর্থমন্ত্রী, প্রধানমন্ত্রীর মাননীয় অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা, জাতীয় সংসদের অর্থ বিষয়ক স্থায়ী কমিটির চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান, আহ্বায়ক ; (ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ উদযাপন কমিটি - সকলের বাণী ও ছবি সংগ্রহপূর্বক তা ব্যবহার নিশ্চিত করবে।

(গ)) বিবিধ।

(১২) ব্যানার, বিলবোর্ড, ফেস্টুন, প্ল্যাকার্ড ও আলোকসজ্জা উপ-কমিটি:

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা | **আহ্বায়ক** |
| ০২. | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা | সদস্য |
| ০৩. | যুগ্ম কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা | সদস্য |
| ০৪. | উপ-কমিশনার/সহকারী কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা | সদস্য |
| ০৫. | উপ-কমিশনার-১, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা | **সদস্য সচিব** |

**কার্যপরিধি :**

(খ) উপ-কমিটির আহ্বায়ক প্রয়োজনীয় সংখ্যক অতিরিক্ত সদস্য কো-অপ্ট করে আদেশ জারি করবেন এবং কমিটির কার্যাবলী সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সভা আহ্বানপূর্বক গৃহীত কার্যক্রম বিষয়ে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২২ উদযাপন কমিটির আহ্বায়ক এবং সদস্য-সচিবকে অবহিত রাখবেন।

(খ) অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত উপ-কমিটি নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করবেন:

i) সরকারের আর্থিক ব্যয় কৃচ্ছসাধন নীতি অনুসরণ করে সীমিত আকারে দিবসটি উদযাপনের বিষয়টি বিবেচনায় রেখে সাজসজ্জার আয়োজন করতে হবে।

ii) ঢাকাস্থ সকল দপ্তর, সড়ক, সড়কদ্বীপ ও ফ্লাইওভার, ওভারব্রিজ ইত্যাদি স্থানে প্রতিবছর যেভাবে ব্যানার, রোল ব্যানার, আলোকসজ্জা, ফেস্টুন, প্ল্যাকার্ড দ্বারা সজ্জিত করা হয় তার পরিবর্তে প্রতিটি দপ্তর বিভিন্ন ধরনের ভ্যাট বিষয়ক ব্যানার ও ফেস্টুন দ্বারা সজ্জিত করা ।

iii) এক্ষেত্রে রাজস্ব ভবন ও শহরের গুরুত্বপূর্ণ স্থানে ব্যানার, বিলবোর্ড, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে সাজসজ্জার বিষয়ে উপ কমিটি, উদযাপন কমিটির আহবায়ককে অবহিত রেখে সাজসজ্জার পরিধি চূড়ান্ত করবেন।

iv) ব্যানারে কী বাণী/স্লোগান লিখতে হবে তা প্রণয়ন ও নির্ধারণ (এ বিষয়ে প্রচার ও সাংস্কৃতিক উপ-কমিটির সাথে সমন্বয় করতে হবে)।

v) ব্যানারের কয়েকটি নমুনা প্রস্তুত করে অনুমোদন/বাছাইকরণের জন্য স্টিয়ারিং কমিটির নিকট উপস্থাপন করবেন ।

(গ) বিবিধ।

(১৩) অডিট উপ-কমিটি:

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-২ | **আহ্বায়ক** |
| ০২. | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-২ | সদস্য |
| ০৩. | যুগ্ম কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-২ | সদস্য |
| ০৪. | উপ-কমিশনার/সহকারী কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-২ | সদস্য |
| ০৫. | উপ-কমিশনার-১, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-২ | **সদস্য সচিব** |

**কার্যপরিধি :**

(ক) উপ-কমিটির আহ্বায়ক প্রয়োজনীয় সংখ্যক অতিরিক্ত সদস্য কো-অপ্ট করে আদেশ জারি করবেন এবং ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২২ উদযাপন কমিটির আহ্বায়ক মহোদয়কে অবহিত রাখবেন। পাশাপাশি উদযাপন কমিটির সদস্য-সচিবকেও তা অবহিত রাখবেন।

(খ) বর্ণিত উপ-কমিটি অন্যান্য উপ-কমিটির ব্যয় সংক্রান্ত যাবতীয় কার্যাবলী নিরীক্ষার কার্যক্রম গ্রহণ করবে।

(গ) উপ-কমিটি নিরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে পূর্ণাঙ্গ নিরীক্ষা প্রতিবেদন উদযাপন কমিটির আহ্বায়কের নিকট প্রেরণ করবেন।

(ঘ) অডিট কার্যক্রম মার্চ, ২০২৩ এর মধ্যে সম্পন্ন করবেন।

(ঙ) বিবিধ।

০৫। এছাড়াও কেন্দ্রিয়ভাবে একটি স্মরণিকা প্রকাশ (বিজ্ঞাপন ব্যতীত) করা হবে। নিম্নবর্ণিত সদস্যের সমন্বয়ে স্মরণিকা প্রকাশ কমিটি গঠন করা হলো ঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১. | জনাব মোবারা খানম, কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা ( পশ্চিম), ঢাকা | আহ্বায়ক |
| ২. | জনাব শওকত আলী সাদী, কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা ( দক্ষিণ), ঢাকা | উপদেষ্টা |
| ৩. | ড. মোঃ আব্দুর রউফ, মহাপরিচালক, ভ্যাট নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | উপদেষ্টা |
| ৪. | জনাব মোহাম্মদ ফখরুল আলম, মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | উপদেষ্টা |
| ৫. | জনাব শেখ আবু ফয়সল মোঃ মুরাদ, প্রথম সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| ৬. | জনাব মোঃ জিয়াউর রহমান খান, যুগ্ম-কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা ( পশ্চিম), ঢাকা | সদস্য-সচিব |

**কার্যপরিধি :**

(ক) ভ্যাট দিবসের মূল প্রতিপাদ্য/Theme এর উপর ভিত্তি করে ভ্যাট দিবসের উল্লেখযোগ্য কার্যক্রমকে উপজীব্য করে একটি স্মরণিকা প্রকাশ করা;
(খ) কাস্টমস, মূসক ও অন্যান্য দপ্তর এবং সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের কাছ থেকে ভ্যাট দিবসের থিম এর উপর গুরুত্ব আরোপ করে লেখা সংগ্রহ করা;
(গ) প্রাপ্ত লেখা/প্রবন্ধসমূহ হতে উল্লেখযোগ্য ও গুরুত্বপূর্ণ প্রবন্ধসমূহ বাছাইকরত আগামী **২৫ নভেম্বর ২০২২ তারিখের** মধ্যে স্মরণিকাটি প্রকাশ করা;
(ঘ) প্রকাশিত স্মরণিকা অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড ও কাস্টমস বিভাগের কর্মকর্তাগণ এবং সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের মাঝে **০৫ ডিসেম্বর ২০২২ তারিখের** পূর্বে বিতরণের ব্যবস্থা করা;
(ঙ) এ সংক্রান্ত সার্বিক সমন্বয়ের জন্য একটি WhatsApp Group গঠন করা;
(চ) সংশ্লিষ্ট অন্যান্য কমিটির সাথে সমন্বয় সাধন করা এবং
(ছ) বিবিধ।

উল্লেখ যে কমিটির আহ্বায়ক প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করে আদেশ জারি করবেন এবং প্রাসঙ্গিক বিষয়ে লেখা আহ্বানপূর্বক স্মরণিকা ছাপানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৬। আঞ্চলিক পর্যায়ে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২২ উদযাপনের লক্ষ্যে নিম্ন বর্ণিত আঞ্চলিক উপ-কমিটি গঠন করা হলো।

ক) গঠিত উপ-কমিটিসমূহ নিম্নরুপঃ

i) চট্রগাম অঞ্চলঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম | আহ্বায়ক |
| ০২. | মহাপরিচালক, কাস্টমস,এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্রগ্রাম | উপদেষ্টা |
| ০৩. | কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম | উপদেষ্টা |
| ০৪. | কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম | উপদেষ্টা |
| ০৫. | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, চট্টগ্রাম | উপদেষ্টা |

ii) খুলনা অঞ্চলঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা | আহ্বায়ক |
| ০২. | কমিশনার, কাস্টম হাউস, মোংলা, খুলনা | উপদেষ্টা |
| ০৩. | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল), কমিশনারেট, খুলনা | উপদেষ্টা |

iii) যশোর অঞ্চলঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, যশোর | আহ্বায়ক |
| ০২. | কমিশনার, কাস্টম হাউস, বেনাপোল, যশোর | উপদেষ্টা |

iv) রাজশাহী অঞ্চলঃ

| | |
|---|---|
| কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী | আহ্বায়ক |

v) রংপুর অঞ্চলঃ

| | |
|---|---|
| কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর | আহ্বায়ক |

vi) সিলেট অঞ্চলঃ

| | |
|---|---|
| কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট | আহ্বায়ক |

vii) কুমিল্লা অঞ্চলঃ

| | |
|---|---|
| কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা | আহ্বায়ক |

খ) উপ-কমিটির আহ্বায়ক প্রয়োজনীয় অতিরিক্ত সংখ্যক সদস্য কো-অপ্ট করে আদেশ জারি করবেন এবং কমিটির কার্যাবলী সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সভা আহ্বানপূর্বক গৃহীত কার্যক্রম বিষয়ে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২২ উদযাপন কমিটির আহ্বায়ক এবং সদস্য-সচিবকে অবহিত রাখবেন।

গ) প্রত্যেক উপ-কমিটি আগামী ০১ (এক) সপ্তাহের মধ্যে তাদের উপ-কমিটির নির্ধারিত কাজের জন্য প্রয়োজনীয় বাজেট বরাদ্দ উল্লেখ করে উদযাপন কমিটির সদস্য-সচিবের নিকট উপস্থাপন করবেন। সদস্য-সচিব আহবায়কের নিকট প্রেরণ করলে কমিটির আহবায়ক তা সমন্বিত আকারে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (বোর্ড প্রশাসন) এর নিকট প্রেরণ করবেন।

ঘ) যেহেতু জাতীয় রাজস্ব বোর্ড হতে জাতীয় পর্যায়ে ০৯ (নয়) জন সর্বোচ্চ ভ্যাট প্রদানকারী সম্মানিত করদাতাকে ক্রেস্ট ও সম্মাননা প্রদান করা হবে (অন্যান্য ক্ষেত্রে কমিশনারেট/বিভাগ হতে পুরস্কার/ক্রেস্ট প্রদানের জন্য স্বতন্ত্র সেমিনার আয়োজন), সেহেতু ঢাকাস্থ ভ্যাট কমিশনারগণ তাদের প্রত্যেকটি উপ-কমিটির কাজের জন্য বাজেট চাওয়ার পাশাপাশি, উক্ত স্বতন্ত্র সেমিনারের জন্য আলাদাভাবে বাজেট বরাদ্দ চেয়ে, ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২২ উদযাপন কমিটির সদস্য-সচিবের নিকট উপস্থাপন করবেন। সদস্য-সচিব আহবায়কের নিকট প্রেরণ করলে কমিটির আহবায়ক তা সমন্বিত আকারে সদস্য (বোর্ড প্রশাসন) এর নিকট প্রেরণ করবেন।

ঙ) ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২২ উদ্‌যাপনের জন্য জাতীয় রাজস্ব বোর্ড থেকে সংশ্লিষ্ট কমিশনারেটসমূহের অনুকূলে প্রদেয় বাজেট বরাদ্দ হতে প্রয়োজনীয় ব্যয়ভার নির্বাহ করতে হবে। এক্ষেত্রে সরকারের আর্থিক ব্যয় কৃচ্ছসাধন নীতি মাথায় রেখে সুষ্ঠুভাবে ও স্বচ্ছতার সাথে ব্যয় সম্পন্ন করতে হবে।

চ) মূল অনুষ্ঠানের সময়কাল/ব্যপ্তি বিষয়ে স্টিয়ারিং কমিটি হতে সিদ্ধান্ত গৃহীত হবে।

ছ) উপকমিটিসমূহ পূর্ববর্তী বৎসরে সংশ্লিষ্ট উপ-কমিটির কাজের পরিধির পর্যালোচনা, কোনো event এর সংযোজন, বিয়োজন বা modification (যেমনঃ আমন্ত্রিত তালিকা, বিভিন্ন খাতের পুরস্কার/সম্মাননা ইত্যাদি) বিষয়ে কোন প্রস্তাব থাকলে তা স্টিয়ারিং কমিটির নিকট উপস্থাপন করে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

জ) ঢাকাস্থ ও ঢাকার বাইরের কমিশনারেটসমূহে আঞ্চলিক/উপ-কমিটির মাধ্যমে স্ব-স্ব ব্যবস্থাপনায় বর্তমান সার্বিক পরিস্থিতি বিবেচনায় রেখে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২২ উদযাপন করতে হবে।

০৭। সভাপতি মহোদয় সকলকে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২২ যথাযথ মর্যাদায় ও অত্যন্ত গুরুত্ব সহকারে উদযাপনের কার্যক্রম গ্রহণের আহবান জানান এবং অনুষ্ঠানটি যেন প্রচারণামূলক ও ফলপ্রসু হয় সে বিষয়ে যত্নবান হওয়ার নির্দেশনা প্রদান করেন। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/
০৪/১০/২০২২
(আবু হেনা মোঃ রহমাতুল মুনিম)
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৭৬.১৬.০০৬.২০২০/ ৩০৫ তারিখ: ০৪ অক্টোবর ২০২২

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সদস্য (সকল) কাস্টমস ও ভ্যাট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. সদস্য (কর নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩. সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৪. প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও মূসক আপিলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা টাওয়ার, ১০ দিলকুশা বা/এ, ঢাকা।
৫. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ/পূর্ব/পশ্চিম)/চট্টগ্রাম/কুমিল্লা/যশোর/খুলনা/ রাজশাহী/ সিলেট/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।
৬. কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
৭. কমিশনার, কাস্টম হাউজ, ঢাকা/ আইসিডি (কমলাপুর)/চট্টগ্রাম/মোংলা/পানগাঁও/ বেনাপোল, যশোর।
৮. মহাপরিচালক, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, সাগরিকা রোড, পাহাড়তলী, চট্টগ্রাম।
৯. মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
১০. মহাপরিচালক, মূসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
১১. মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
১২. মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৩. কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
১৪. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, চট্টগ্রাম/খুলনা/ ঢাকা-১/২, ঢাকা।
১৫. প্রকল্প পরিচালক, ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প, ঢাকা।
১৬. প্রকল্প পরিচালক, বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প, ঢাকা।
১৭. একান্ত সচিব, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৮. সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। [পত্রটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ]
১৯. জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৪/১০/2022
(শেখ আবু ফয়সল মো: মুরাদ)
প্রথম সচিব
(মূসক পরিবীক্ষণ ও করদাতা সেবা)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা